গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর- ৪৬.০০.০০০০.০৩৯.১৮.০৯.২০১৬- ৯২০৮

তারিখঃ ০৯ অগ্রহায়ণ ১৪৩১ / ২৪ নভেম্বর ২০২৪

বিষয়: অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে বাস্তবায়ন।

সূত্র: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ১৩/১১/২০২৪ তারিখের ৫২.০০.০০০০.০০৮.১৪.৯৪১.২৪-৪৪৯ নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে প্রাপ্ত আধা-সরকারি পত্রটি এ সাথে প্রেরণ করা হলো। উক্ত আধা-সরকারি পত্রের নির্দেশনা মোতাবেক আগামী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত অনুষ্ঠিতব্য অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪/১১/২৪

মোঃ আকবর হোসেন
উপসচিব
ফোন- ৫৫১০১১৮১
E-mail: lgadmin1@lgd.gov.bd

**বিতরণ (স্থানীয় সরকার বিভাগ):**

১। উপসচিব (জেলা পরিষদ/পৌর-১/পৌর-২/সিটি কর্পোরেশন-১/সিটি কর্পোরেশন-২/উপজেলা-১/ইউনিয়ন পরিষদ-১ /ইউনিয়ন পরিষদ-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
২। সিনিয়র সহকারী সচিব (মনিটরিং-১ শাখা/উপজেলা-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ।

**দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিষ্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্রগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম গাজীপুর/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।

**অনুলিপিঃ**

১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

মোঃ মাহবুব হোসেন
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
ফোনঃ ৫৫০০৭৩৭৩
মোবাইলঃ ০১৩০৯০১১৩৩৩
ই-মেইলঃ secy@sid.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আধা-সরকারি পত্র নম্বর: ৫২.০০.০০০০.০০৮.১৪.৯৪১.২৪-৪৪৯

তারিখ: ২৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১৩ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনা করে আসছে। এসব শুমারি ও জরিপের মাধ্যমে প্রণয়নকৃত পরিসংখ্যান দেশের আর্থ-সামাজিক উন্নয়নের নীতি নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিবিএস কর্তৃক পরিচালিত শুমারিসমূহের মধ্যে জনশুমারি ও গৃহগণনা, কৃষি শুমারি এবং অর্থনৈতিক শুমারি উল্লেখযোগ্য। দেশের ১ম অর্থনৈতিক শুমারি ১৯৮৬ সালে অনুষ্ঠিত হয়। এরপর ২০০১ ও ২০০৩ সালে দু'টি পর্যায়ে ২য় অর্থনৈতিক শুমারি এবং ২০১৩ সালে ৩য় অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়। এরই ধারাবাহিকতায় আগামী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ সময়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে দেশের ৪র্থ অর্থনৈতিক শুমারি। ৪র্থ অর্থনৈতিক শুমারিতে দেশের সকল অর্থনৈতিক ইউনিটের পরিচিতি, অর্থনৈতিক কার্যাবলি, জনবল, সম্পদ এবং ইউনিটের মৌলিক সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ করা হবে, যার মাধ্যমে দেশের অর্থনীতির সামগ্রিক চিত্র উঠে আসবে।

০২। ৪র্থ অর্থনৈতিক শুমারির তথ্য-উপাত্তসমূহ ট্যাবের মাধ্যমে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে সংগ্রহ করা হবে। শুমারির গণনা এলাকার ম্যাপ প্রস্তুতের পাশাপাশি ইতোমধ্যে দেশের ১ কোটি ২২ লক্ষের অধিক অর্থনৈতিক ইউনিট তালিকাভুক্ত করা হয়েছে। সারাদেশে প্রায় ৯৫,০০০ তথ্যসংগ্রহকারী, ১৯,০০০ সুপারভাইজার, ২,৬০০ আইটি সুপারভাইজার এবং ২,৬০০ জোনাল অফিসার প্রকল্প দলিলের সংস্থান অনুযায়ী অস্থায়ীভাবে এ কার্যক্রমে নিয়োজিত থাকবেন। এ কার্যক্রম বিবিএস কর্তৃক পরিচালনা করা হলেও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার কর্মচারীগণও নিয়োজিত রয়েছেন। জাতীয় গুরুত্বপূর্ণ এ কার্যক্রম সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নে স্থানীয় সরকার বিভাগ ও এর অধীন সংস্থার কর্মচারীগণের সর্বাত্মক সহযোগিতা একান্ত আবশ্যক।

০৩। বর্ণিতাবস্থায়, আগামী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত অনুষ্ঠিতব্য অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ ও এর অধীন সংস্থার কর্মচারীগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানে আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি।

অতি:/যুগ্ম সচিব-প্রশাসন/উপজেলা/অডিট
নম্বর..................তারিখ ২১/১১/২৪
অতিরিক্ত সচিব (প্রশাসন)

আন্তরিকভাবে আপনার

২০/১১/২৪

মোঃ মাহবুব হোসেন

জনাব মোঃ নজরুল ইসলাম
অতিরিক্ত সচিব
(সচিবের রুটিন দায়িত্বে)
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব<br>২) মহাপরিচালক<br>৩) যুগ্মসচিব<br>৪) যুগ্মসচিব (পরিকল্পনা) | ১) প্রশাসন<br>২) নগর উন্নয়ন<br>৩) উন্নয়ন<br>৪) পানি সরবরাহ (পাস)<br>৫) উপজেলা অধিশাখা<br>৬) ইউপি অধিশাখা<br>৭) অডিট অধিশাখা<br>৮) আইন অধিশাখা |
| ডায়েরী নং..................<br>তারিখঃ ১৮/১১/২৪ | স্বাক্ষর |

ডাইরী নং..................তারিখঃ ২১/১১/২৪
উপসচিব/সিনিয়র সহকারী সচিব
(প্রশাসন-১/প্রশাসন-২/সমন্বয় ও কাউন্সিল/জেপ

যুগ্মসচিব (প্রশাসন)